



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৯

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন তেতুল শেখ কলেজের চলমান গভর্নিং বডি'র সভাপতি জনাব
মো : আব্দুল্লাহ শেখ-এর বিরুদ্ধে কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: জেলা প্রশাসক চুয়াডাঙ্গা-এর ৩০-০৮-২০২২ খ্রি. তারিখে প্রেরিত ০৫.৪৪.১৮০০.১০৪.৬৭.০০২.২২.২২২ সংখ্যক
স্মারক পত্র

খ) শিক্ষা মন্ত্রণালয়ের গত ২৪-০৮-২০২২ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.২২৯ সংখ্যক স্মারক
পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন তেতুল শেখ কলেজের চলমান গভর্নিং বডি'র সভাপতি জনাব মো : আব্দুল্লাহ শেখ-এর বিরুদ্ধে কলেজের শিক্ষক-কর্মচারীদের সাথে দুর্ব্যবহার, কলেজ ফান্ড থেকে ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা বিধিবিহীনভাবে উত্তোলন করে পরিবারের সদস্যদের নামে সঞ্চয়পত্র ক্রয় করা, শিক্ষক-কর্মচারীদের দিয়ে পাঠদানের বাইরে অতিরিক্ত অন্যান্য কাজ করানো, অধ্যক্ষ না হয়েও অধ্যক্ষের অনার বোর্ডে নাম লেখানো এবং স্বেচ্ছাচারিতার অভিযোগ দায়ের করা হয়। উক্ত অভিযোগের বিষয়গুলো তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা-কে অনুরোধ করা হয়। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন।

তদন্ত প্রতিবেদনে সভাপতি জনাব মো : আব্দুল্লাহ শেখ-এর বিরুদ্ধে কলেজের অধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষক-কর্মচারীদের সাথে দুর্ব্যবহার, চাকুরী হতে বরখাস্তের হুমকী প্রদর্শন, বিধিবিহীনভাবে শিক্ষক-কর্মচারীদের দিয়ে পাঠদানের বাইরে অতিরিক্ত অন্যান্য কাজ করানোর অভিযোগ প্রমাণিত হয়েছে। কলেজের অধ্যক্ষ না হয়েও এবং অধ্যক্ষ হওয়ার মত শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও অধ্যক্ষের অনার বোর্ডে সভাপতির নাম লেখানোর প্রামাণ পাওয় যায়। এছাড়া কলেজ ফান্ড থেকে ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা বিধিবিহীনভাবে উত্তোলন করে পরিবারের সদস্যদের নামে সঞ্চয়পত্র ক্রয় করে সঞ্চয়পত্রের আয় দিয়ে কলেজের শিক্ষার মানোন্নয়নের যে সিদ্ধান্ত হয়েছিল সে সিদ্ধান্ত একটি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিধিমালার পরিপন্থী বলে তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেছেন।

এমতাবস্থায়, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন তেতুল শেখ কলেজের চলমান গভর্নিং বডি'র সভাপতি জনাব মো : আব্দুল্লাহ শেখ-এর বিরুদ্ধে কলেজের শিক্ষক-কর্মচারীদের সাথে দুর্ব্যবহার, কলেজ ফান্ড থেকে ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা বিধিবিহীনভাবে উত্তোলন করে পরিবারের সদস্যদের নামে সঞ্চয়পত্র ক্রয় করা, শিক্ষক-কর্মচারীদের দিয়ে পাঠদানের বাইরে অতিরিক্ত অন্যান্য কাজ করানো, অধ্যক্ষ না হয়েও অধ্যক্ষের অনার বোর্ডে নাম লেখানো এবং স্বেচ্ছাচারিতার অভিযোগ জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা-এর তদন্তে প্রমাণিত হওয়ায় কেন আপনাকে উক্ত কলেজের চলমান গভর্নিং বডি'র সভাপতির পদ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার কারণ দর্শানোর জবাব পত্র জারির অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

১১-৯-২০২২

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

ফোন: ০২৪৭৭৭৬২৬৯৮

জনাব মো : আব্দুল্লাহ শেখ, সভাপতি, গভর্নিং বডি

তেতুল শেখ কলেজ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা


ইমেইল: ic@jessoreboard.gov.bd

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.৯/১(৪)

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
- ৩) অধ্যক্ষ, তেতুল শেখ কলেজ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
- ৪) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১১-৯-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক